দৈনিক ইত্তেফাক

64

তারিখ [illegible].৪.৭৪
পৃষ্ঠা ৬ কলাম ২

# সমস্যা জর্জরিত কুমিল্লা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়

কুমিল্লা সংবাদদাতা ॥ কুমিল্লা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত। শিক্ষক, কর্মচারী স্বল্পতা, প্রয়োজনীয় শিক্ষা উপকরণের অভাব, আবাসিক সমস্যা, যান বাহনের অভাব, নিরাপত্তাহীনতা প্রয়োজনীয় বইয়ের অভাবসহ বিভিন্ন সমস্যার কারণে প্রশিক্ষণ কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হইতেছে। প্রাকৃতিক সৌন্দর্য পরিবেষ্টিত কোটবাড়ীতে ১০ একর জমির উপর ১৯৬২ সালে এই প্রশিক্ষণ মহাবিদ্যালয়টি স্থাপিত হয়। এই প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে দুই শিফটে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৫৬২। ছাত্রাবাসে সিটের সংখ্যা ২২০ এবং ছাত্রীবাসে মাত্র ২৮টি। অবস্থান করে ছাত্রাবাসে ২৮৬

(৪র্থ পৃঃ দ্রঃ)

## সমস্যা জর্জরিত

( ৩য় পৃঃ পর )

এবং ছাত্রীবাসে ৪৫ জন। শৌচাগার এবং গোসলখানা প্রয়োজনের তুলনায় অতি অল্প: একজন অধ্যক্ষ এবং অধ্যাপক-অধ্যাপিকার সংখ্যা ১৬ জন, আবাসিক ব্যবস্থা আছে মাত্র চারজনের। একইভাবে শ্রেণী কক্ষ ও প্রশাসনিক কক্ষের স্বল্পতা রহিয়াছে। বিজ্ঞান ভবনটি কয়েক বৎসর যাবৎ শিক্ষা বিভাগের উপ-পরিচালকের অফিস হিসাবে ব্যবহৃত হইতেছে। তৃতীয় শ্রেণীর কর্মচারীর বরাদ্দকৃত পদ ৮ জনের মধ্যে আছে ৭ জন। চতুর্থ শ্রেণীর ১২ জন, হিসাবরক্ষকের পদ দীর্ঘদিন হইতে শূন্য। একইভাবে লাইব্রেরিয়ানের পদ গেজেটেড হইবার পর হইবার পর হইতেই দশ বৎসর যাবৎ শূন্য। ল্যাবরেটরী এসিষ্টেন্ট পদে একজন, গবেষণা সহকারীর দুইটি পদ প্রথম হইতেই শূন্য। শরীর চর্চা শিক্ষকের পদ প্রায় ৫ বৎসর যাবৎ শূন্য। গণিত ও ইংরেজীর শিক্ষকের পদও শূন্য। আসবাবপত্রের দারুণ অভাব, পাঠাগারে ১০ হাজার বই থাকিলেও কর্তৃপক্ষ সূত্রে জানা যায় প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বইয়ের অভাব প্রকট। যাতায়াতের জন্য নিজস্ব যানবাহন নাই। একটি বাস ছিল যাহা ২০ বৎসর যাবৎ অকেজো। শহর হইতে প্রায় পাঁচ মাইল দূরে অবস্থিত। এই কলেজে আসা-যাওয়ার দারুণ সমস্যা। যান-বাহনের মধ্যে আছে কয়েকটি বেবীটেক্সী এবং রিকসা যাহা ব্যয় বহুল এবং ঝুঁকিপূর্ণ। এই রাস্তায় কোন বাস সার্ভিস এই পর্যন্ত চালু হয় নাই। উল্লেখ্য, বেষ্টনী দেয়াল ভাঙ্গিয়া অপ্রয়োজনীয়ভাবে একটি যাতায়াত ব্যবস্থা করায় নিরাপত্তা বিঘ্নিত হইতেছে।